

মামলা দেখার উপায়

এখন থেকে কোনো মামলার সর্বশেষ অবস্থা জানার জন্য আদালতে যেতে হবে না কোনো বিচারপ্রার্থীকে। ঘরে বসে আপনার কম্পিউটার কিংবা মোবাইলের মাধ্যমে অনলাইনে মামলার কার্যতালিকা দেখতে পারবেন অথবা মামলার সর্বশেষ অবস্থা সম্পর্কে জানতে পারবেন। তো চলুন এবার বিস্তারিত জেনে নেই অনলাইনে মামলা দেখার উপায় সম্পর্কে-

অনলাইনে মামলা দেখার একটি সুবিধা হল আপনাকে টাকা খরচা করে কোর্টে গিয়ে মামলা সর্বশেষ অবস্থা জানতে হবে না। এছাড়াও অনলাইনের মাধ্যমে মামলা সংক্রান্ত বিভিন্ন তথ্য বা নির্দেশনা আপনি পেয়ে যাবেন, যেমন মামলার শুনানির তারিখ, আপনাকে কোর্টে কত তারিখে উপস্থিত হতে হবে ইত্যাদি।

এই সমস্ত কাজের জন্য আপনাকে আর আপনার এডভোকেট কে ফোন দিতে হবে না। তবে এই পদ্ধতিতে আপনি থানার কোন মামলা দেখতে পারবেন না। কেননা বর্তমানে থানার মামলা দেখার উপায় নেই। শুধুমাত্র কোর্টের মামলা দেখা যাবে। মামলা দেখতে কোন টাকা বা ফি দিতে হয় না। এটা একদম ফ্রি-

যেকোনো মামলার তথ্য অনুসন্ধান জন্য অবশ্যই আপনাকে দুটি জিনিস জানতে হবে-

- মামলা নম্বর ও মামলার সাল
- মামলা ঠিক কোন আদালতে দায়ের করা হয়েছিল উক্ত আদালতের নাম

এছাড়াও যেকোনো তারিখের মামলার কার্যতালিকা জানতে পারবেন শুধুমাত্র বিভাগ জেলা এবং আদালতের নাম দিয়ে। অর্থাৎ আপনার সম্ভাব্য তারিখ দিয়ে যাচাই করতে পারবেন উক্ত কার্যতালিকায় আপনার মামলা সম্পর্কিত কোন নির্দেশনা রয়েছে কিনা।

অনলাইনে মামলা দেখার উপায় দুইটি -

- ই কার্যতালিকা ওয়েবসাইট
- myCourt মোবাইল অ্যাপ্লিকেশন

এছাড়াও Supreme Court Of Bangladesh অ্যাপের মাধ্যমে হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের বিভিন্ন মামলা সম্পর্কিত তথ্য পাওয়া যাবে ।

- মামলা দেখার উপায়
- myCourt মোবাইল অ্যাপ্লিকেশন ওপেন করুন


- অথবা ভিজিট করুন causelist.judiciary.gov.bd
- মামলা অনুসন্ধান বাটনে ক্লিক করুন
- মামলা নাম্বার এবং সাল বসান যেমন ১০০১/২০২৩
- মামলার তথ্য দেখতে পাবেন

বিস্তারিত তথ্য জানার জন্য ” দেখুন ” নামক বাটনে ক্লিক করতে হবে।

আপনার মোবাইলে যদি myCourt অ্যাপ্লিকেশন না থেকে থাকে তাহলে গুগল প্লে স্টোর থেকে অ্যাপটি ডাউনলোড করে নিতে পারেন। যেকোনো মামলা অনুসন্ধান করতে পারবেন কিভাবে তা নিচের বিস্তারিত ভাবে আলোচনা করা হলো-

প্রথমে অ্যাপ বা ওয়েবসাইটটি ভিজিট করুন

মামলা দেখতে আপনাকে ভিজিট করতে হবে মোবাইলে অ্যাপ্লিকেশন কিংবা causelist.judiciary.gov.bd ওয়েবসাইটে। মোবাইল অ্যাপের নিচের মেনুতে এবং ওয়েবসাইটের উপরের মেনুতে “মামলা অনুসন্ধান” নামক একটি বাটন দেখতে পাবেন সেখানে ক্লিক করতে হবে।



মামলা দেখার উপায়

এক চিত্রের মাধ্যমে দুইটা পদ্ধতি দেখানো হলো- বাম পাশেরটা myCourt app এবং অন্যটি ওয়েবসাইট এর মাধ্যমে।

মামলা নম্বর ও সাল উল্লেখ করুন

এইবারে আপনার কাঙ্ক্ষিত মামলা নম্বরটি উল্লেখ করুন এবং মামলা নম্বরের পাশে মামলার সাল উল্লেখ করুন। উদাহরণস্বরূপ বলা যেতে পারে: ২৫৮২/২০২৪ । এরপরে অনুসন্ধান বাটনে ক্লিক করুন।



মামলা দেখার উপায়

এ চিত্রে দুটা পদ্ধতি দেখানো হলো: বাম পাশেরটা myCourt app এবং অন্যটি ওয়েবসাইট এর মাধ্যমে।

মামলার বিস্তারিত তথ্য দেখুন

অনুসন্ধান বাটনে ক্লিক করলে আপনার মামলার নাম্বার এবং তথ্য যদি ঠিক থাকে তাহলে মামলার প্রাথমিক তথ্য পাওয়া যাবে। মামলার বর্তমান পরিস্থিতি এবং চলমান অবস্থা কিংবা দিকনির্দেশনা জানার জন্য ” দেখুন ” লিংকে ক্লিক করতে হবে। ক্লিক করলে আপনার মামলার বিস্তারিত তথ্য দেখতে পাবেন।

আমার আদালত
সকল বিচারিক সেবা এক ঠিকানায়

জেলা ও দায়রা জজ আদালত-বরিশাল

১০০২/২০২২

মামলা নম্বর	দায়রা মামলা - ১০০২/২০২২
পক্ষগণ	রাষ্ট্র কয়ে মোঃ জাফর হাওলাদার
মামলার স্থিতি	লম্বা

ই-কার্যতালিকা
সকল মামলার তথ্য এক ঠিকানায়

অধিকার আদালত মামলা অনুসন্ধান করুন Eng

লত আপ; অথবা কল করুন ০৩৩ (টোল ফ্রি) নম্বরে।

বরিশাল : বরিশাল : জেলা ও দায়রা জজ আদালত : ১০০২/২০২২

জেলা ও দায়রা জজ আদালত, বরিশাল, বরিশাল

ক্রমিক নম্বর	মামলার নম্বর	পক্ষগণ	স্থিতি
১	দায়রা মামলা - ১০০২/২০২২	রাষ্ট্র নাম মোঃ জাফর হাওলাদার	লম্বা

পরিচালনা ও ব্যবস্থাপনা: আইন ও বিচার বিভাগ, আইপিটি বিভাগ,  
ব্যবস্থাপনা: আইন ও বিচার বিভাগ,  

সফটওয়্যার তৈরি: 

মামলা দেখার উপায়

মামলার কার্যতালিকা দেখার নিয়ম

কোন তারিখে কত ধরনের মামলার কার্যতালিকা রয়েছে কিংবা মামলার কি নির্দেশনা রয়েছে এটি জানা যাবে খুব সহজে। এজন্য ভিজিট করুন <https://causelist.judiciary.gov.bd/> ওয়েবসাইটে।

ই-কার্যতালিকা
সকল মামলার তথ্য এক ঠিকানায়

অধিকার আদালত মামলা অনুসন্ধান করুন English

ই-কাজলিপির তথ্য মোবাইলে জানতে ডাউনলোড করুন 'আমার

বরিশাল : বরিশাল : জেলা ও দায়রা জজ আদালত : ১৪-০৮-২০২৩

জেলা ও দায়রা জজ আদালত, বরিশাল

দৈনিক কার্যতালিকা
তারিখ: ১৪-০৮-২০২৩ খ্রিঃ

ক্রমিক নং	মামলার নম্বর	কার্যক্রম	পরবর্তী তারিখ	সংক্রান্ত আদেশ
১	ফৌজদারী আপীল - ১৭৮/২০২২ (পাথরঘাটা)	আপীল শুনারী		
২	ফৌজদারী রিভিশন - ২২০/২০২২ (আমতলী)	রিভিশন শুনারী		
৩	ফৌজদারী রিভিশন - ০৮/২০২৩ (বরগুনা সদর)	রিভিশন শুনারী		
৪	ফৌজদারী রিভিশন - ৯২/২০২৩ (বরগুনা স	রিভিশন শুনারী		
৫	ফৌজদারী রিভিশন - ৯৩/২০২৩ (আমতলী)	রিভিশন শুনারী		

মামলা দেখার উপায়

এরপরে

- প্রথমে আপনার বিভাগ
- আপনার জেলা
- এবং যে আদালতে মামলা দায়ের করা হয়েছিল সেই আদালতের নাম
- এবং কোন তারিখের কাজ তালিকা দেখতে চান সেটি উল্লেখ করুন
- সবশেষে অনুসন্ধান বাটনে ক্লিক করলে মামলার ই কার্যতালিকা দেখতে পাবেন।

এখান থেকে আপনার মামলার পরবর্তী নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।